দৈনিক বাংলা

১২/৩/৮২

377

118

**মুক্তাগাছা কলেজে পরীক্ষা কেন্দ্র চাই**

প্রায় দুই বৎসর পূর্বে মাননীয় প্রধানমন্ত্রী (মরহুম প্রেসিডেন্ট এর ঘোষণা অনুযায়ী) আমাদের ঐতিহ্যবাহী মুক্তাগাছা শহীদ স্মৃতি কলেজকে জাতীয়করণ করেছেন। ইতিমধ্যেই সরকারীকরণের কিছু কিছু সুফলও আমরা পেতে শুরু করেছি। এ জন্যে আমরা সরকারকে কৃতজ্ঞতাপূর্ণ মোবারকবাদ জানাই।

কিন্তু এই সঙ্গে দুঃখের সাথে আমাদের বলতে হচ্ছে যে আমরা মুক্তাগাছা শহীদ স্মৃতি সরকারী কলেজের ছাত্র সমাজ সরকারীকরণের অনেক সুবিধা থেকেই বঞ্চিত হচ্ছি। যেমন: এ কলেজে বিএসসি ও অনার্স পড়ার সুযোগ নেই, বিজ্ঞানাগারের প্রয়োজনীয় যন্ত্রপাতি নেই, লাইব্রেরীতে বই পুস্তকের দুঃখজনক সংকট, কলেজের নিজস্ব কোন খেলার মাঠ নেই এমন কি ডিগ্রী পরীক্ষার কেন্দ্র পর্যন্ত আমাদের কলেজে নেই। ১০/১৫ ও ২০ মাইল দূর-দূরান্তের গ্রাম থেকে অতি কষ্টে কলেজে এসে সারা বছর আমরা ক্লাশ করি। কারণ কলেজের নিজস্ব কোন যানবাহন নেই। আমাদের এই কষ্ট চূড়ান্ত আকার ধারণ করে বিশেষ করে ফাইনাল পরীক্ষার সময়। পায়ে হেঁটে বাসে চড়ে অশেষ দুর্ভোগের মধ্যে ময়মনসিংহ যেয়ে আমাদের বিএ ও বিকম পরীক্ষার্থীদের পরীক্ষা কেন্দ্রে হাজির হতে হয়। কোন সময় পথে বাস বিকল হলে (যেটা অত্যন্ত স্বাভাবিক) পরীক্ষার্থীর মানসিক, শারীরিক কষ্টের আর সীমা থাকে না। অধিকাংশ ছাত্রছাত্রীর পক্ষেই ময়মনসিংহ শহরে হোটেলে থাকবার সঙ্গতিও নেই।

এ অবস্থায় শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় প্রধান মন্ত্রীর নিকট আমাদের আকুল আবেদন, শহীদ স্মৃতি সরকারী কলেজে আশু 'ডিগ্রী পরীক্ষা কেন্দ্র' এবং বিএসসি ক্লাশ খোলার অনুমতি দিয়েও পর্যায়ক্রমে আমাদের অন্যান্য সমস্যা সমাধানের পদক্ষেপ নিয়ে আমাদের দুর্ভোগ থেকে রেহাই দেয়া হোক।

প্রসঙ্গত উল্লেখ্য যে বেসরকারী হওয়া সত্ত্বেও টাঙ্গাইল জেলার গোপালপুর ও ঘাটাইল কলেজে ডিগ্রী পরীক্ষা কেন্দ্র রয়েছে। অথচ সরকারী হওয়া সত্ত্বেও আমাদের কলেজে ডিগ্রী পরীক্ষা কেন্দ্র থাকবে না—এটা শুধু দুঃখজনকই নয় অমর্যাদাকরও বটে। অতএব আগামী পরীক্ষা থেকেই মুক্তাগাছা সরকারী কলেজে পরীক্ষা কেন্দ্র হবে মাননীয় প্রধানমন্ত্রী সমীপে এটা আমাদের একান্ত প্রার্থনা।

—মোঃ আবদুল লতিফ আকন্দ
সহ-সভাপতি,
শহীদ স্মৃতি সরকারী মহাবিদ্যালয়,
ছাত্র সংসদ,
মুক্তাগাছা, ময়মনসিংহ